

- ৫। সাহিত্য-সমালোচনার ক্ষেত্রে পাঠান্তর চর্চা কেন জরুরি, রবীন্দ্রনাথের কোনো কোনো 'টেক্সট' সামনে রেখে কথাটি বুঝিয়ে দাও।
- ৬। নিজের রচনা অনুবাদ করা আসলে এক অর্থে পুনর্লিখন। রবীন্দ্রনাথ অনূদিত অস্তুত দুটি কবিতার প্রসঙ্গ উল্লেখ করে এই প্রসঙ্গে তোমার অবস্থান বুঝিয়ে দাও।

অথবা

- ৭। সম্ভাব্য পাঠকের দ্বারা অনুবাদ প্রক্রিয়া নিয়ন্ত্রিত হয় প্রায়শই— রবীন্দ্রনাথের অনুবাদ করা একটি গল্পের সাপেক্ষে এই মন্তব্যের যথাযথ বিচার করো।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২২

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি. - 4.55A (ঐচ্ছিক)

রবীন্দ্রনাথ : বিবিধ

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১০×৩=৩০

- ১। 'নবপর্যায় বঙ্গদর্শন' ও 'ভাণ্ডার' পত্রিকা সম্পাদনার ক্ষেত্রে রবীন্দ্রনাথ ঠাকুর কোনো মৌলিকত্বের পরিচয় দিতে পেরেছিলেন বলে তুমি মনে কর? যুক্তিসহ তোমার মতামত দাও।

অথবা

- ২। 'বালক' ও 'ভারতী' ঠাকুরবাড়ির নিজস্ব পত্রিকা। প্রথমটির 'কার্যাধ্যক্ষ'-এর দায়িত্ব সামলেছেন রবীন্দ্রনাথ, দ্বিতীয়টির 'সম্পাদক' ছিলেন বছরখানেক। এই সময়পর্বে পত্রিকা দুটি কোনো বিশিষ্ট চরিত্র অর্জন করতে পেরেছিল বলে তোমার মনে হয় কি? উদাহরণ-সহ বুঝিয়ে লেখো।
- ৩। রবীন্দ্রনাথের চিঠিপত্র সম্পাদনা করার সময় তার পরিকল্পনা ও বিন্যাস প্রসঙ্গে যে মূল কথাগুলি তুমি বিবেচনা করবে, তা সংক্ষেপে বুঝিয়ে লেখো।

অথবা

- ৪। রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থ সম্পাদনা করবার ক্ষেত্রে মূল সমস্যার জায়গাগুলি কী কী বলে তুমি মনে কর? কয়েকটি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও।